# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-ঢাশিবো/বি/৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/৪৫৮ তারিখ : ১৬/০৫/২০২২

## জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অনলাইনে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের বিভাগ পরিবর্তন, বিষয় কোড, ধর্ম, ছবি পরিবর্তন ও প্রয়োজনীয় তথ্যাদি সংশোধনসহ বাদপড়া শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন করণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন অনুমোদিত ও স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক/স্কুল এন্ড কলেজ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতিপূর্বে শেষ হয়েছে। কোভিড-১৯ মহামারি সহ অন্য যে কোন কারণে বাদ পড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের সময়সীমা বিলম্ব ফি ব্যতিত আগামী ২২/০৫/২০২২ তারিখ হতে ২০/০৬/২০২২ তারিখ পর্যন্ত নিধার্রণ করা হলো। এ ধরনের বাদপড়া শিক্ষার্থীদের নতুনভাবে রেজিস্ট্রেশন করণসহ ইতিপূর্বে অনলাইনে দাখিলকৃত রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের বিভাগ পরিবর্তন, বিষয় কোড, ধর্ম, লিঙ্গ ও ছবি পরিবর্তনসহ শিক্ষার্থীদের প্রয়োজনীয় সকল তথ্যাদি সংশোধন করার সুযোগ দেয়া হলো।

গত ০৭/১২/২০২১ তারিখের প্রকাশিত বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত পত্র স্মারক নং- ২১০/জেএসসি/ এসএসসিরেজি:/ ৮৫৮; তারিখ: ৩১/১১/২০২১ এর অপরাপর শর্ত অপরিবর্তীত থাকবে।

**উল্লেখ্য, বর্ণিত তারিখের পর পরবর্তীতে কোন অবস্থাতেই উক্তরূপ সংশোধন এবং বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করার সুযোগ দেয়া হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্ট্রেশন/সংশোধন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। বিষয়টি অতীব গুরুত্বের সাথে অনুসরন/প্রতিপালন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৬/০৫/২০২২

**প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞাঁ**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক : **অধ্যক্ষ/প্রধান শিক্ষক**
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং- ৪৫৮(৬) তারিখ: ১৬/০৫/২০২২

**অনুলিপি:**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। উপ-পরিচালক (হি: ও নি;), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

C:\Users\User\Downloads\nine regi 2022 final sondha bela.docx